## উপজেলা কৃষি সেচ বিষয়ক কমিটির অক্টোবর/২০২৪ মাসের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ জাকির হোসেন
প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্থান ঃ নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষ

তারিখ সময় ঃ ১৪/১০/২০২৪ খ্রিঃ, সময় ঃ দুপুর-২.৩০ টা

**সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনাপূর্বক কোনোরূপ সংশোধনী না থাকায় উহা নিশ্চিত করা হয়। অতঃপর নিম্নোক্ত বিষয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **উপজেলা কৃষি অফিসের অক্টোবর/২০২৪ মাসের সার্বিক চিত্র ঃ** উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে চলছে। তিনি তাঁর দপ্তরের নিম্নোক্ত অক্টোবর/২০২৪ মাসের কার্যক্রমসমূহ সভায় উপস্থাপন করেন।<br>০১। ইউরিয়া ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ৫৫ মে.টন।<br>০২। টিএসপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ২৫ মে.টন।<br>০৩। এমওপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ৩৪ মে.টন।<br>০৪। ডিএপি ঃ বর্তমান মজুদ (পূর্ব মাস সমাপ্তি মজুদসহ)= ৩৭ মে.টন।<br>অত্র উপজেলায় সারের কোন সংকট নাই।<br>তিনি আরো জানান যে, চলতি আমন মৌসুমে ২৩৯৫০ হেক্টর জমিতে আমন ধান রোপন করা হয়েছে। রোপনকৃত আমন ধানের বর্তমান স্তর- পিআই- ৮%, বুটিং- ৭৫%, ফ্লা:- ১৫%, সফটডাব- ২%। বর্তমানে আমন ধান ক্ষেতে গোড়া পোঁচা, খোল পোঁচা রোগ ও পতা মোড়ানো পোকা, মাঝরা পোকা কিছু পরিমাণ দেখা যাচ্ছে এবং এর জন্য এসএএও গণ কৃষকদের মাঝে সার্বক্ষনিক পরামর্শ প্রদান করছে। এছাড়া শাকসজি ২৮৫ হেক্টর এবং মাসকলাই ৮০ হেক্টর জমিতে চাষ হয়েছে। প্রণোদনা কর্মসূচীর আওতায় রোপাআমন (উফশী)- ২৩০০ জন কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে। প্রণোদনা কর্মসূচীর আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ- ১২০ জন কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে। প্রণোদনা কর্মসূচীর আওতায় মাসকলাই ১০০ জন ও গ্রীষ্মকালীন পেঁয়াজ ১০০ জন কৃষকের মাঝে বিতরণ করা হয়েছে। সারের সংকট মোকাবেলায় কৃষকদের নিকট ন্যায্যমূল্যে সার বিতরণের লক্ষ্যে সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। | উপজেলা কৃষি অফিসার-কে তাঁর দাপ্তরিক কার্যক্রম যথারীতি সুষ্ঠুভাবে সম্পাদন এবং এসএএওগণের কর্মকান্ড নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | **স্থানীয় পর্যায়ে কৃষি উন্নয়ন ঃ** সভাপতি জানান যে, স্থানীয় পর্যায়ে কৃষি উন্নয়নের লক্ষ্যে স্বল্প ও ধীর্ঘমেয়াদি পরিকল্পনার আওতায় উন্নয়ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে উপজেলা পরিষদকে পরামর্শ প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। | স্থানীয় পর্যায়ে কৃষি উন্নয়নের লক্ষ্যে স্বল্প ও ধীর্ঘমেয়াদি পরিকল্পনার আওতায় উন্নয়ন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে উপজেলা পরিষদকে পরামর্শ প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। | সকল ইউপি চেয়ারম্যান |
| ০৩ | **স্থানীয়ভাবে কর্মরত বেসরকারি সংগঠন ও কৃষি বিভাগ ঃ** স্থানীয়ভাবে কর্মরত সংগঠন ও কৃষি বিভাগ কর্তৃক প্রদত্ত ভর্তুকির উপকরণের (সার, বীজ, ডিজেল) উপকারভোগী কৃষককের তালিকা প্রণয়ন প্রক্রিয়া পর্যালোচনা করা এবং নীতিমালার আলোকে তালিকা প্রণয়নে সহায়তা প্রদানের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানান। | স্থানীয়ভাবে কর্মরত সংগঠন ও কৃষি বিভাগ কর্তৃক প্রদত্ত ভর্তুকির উপকরণের (সার, বীজ, ডিজেল) উপকারভোগী কৃষককের তালিকা প্রণয়নে সহযোগীতা প্রদানের জন্য কমিটির সকল সদস্যকে অনুরোধ জানানো হয়। | কমিটির সকল সদস্য |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **কৃষি ও সেচ উন্নয়ন ঃ** কৃষি ও সেচের উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ নেবার জন্য উপজেলা পরিষদের মাসিক সভায় সুপারিশ প্রদান করা এবং কৃষি ক্ষেত্রে উন্নত প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার ও সম্প্রসারণে সংশ্লিষ্ট দপ্তর ও কৃষকদের অনুপ্রেরণা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। | কৃষি ও সেচের উন্নয়নে প্রয়োজনীয় পদক্ষেপ নেবার জন্য উপজেলা পরিষদের মাসিক সভায় সুপারিশ প্রদান করা এবং কৃষি ক্ষেত্রে উন্নত প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহার ও সম্প্রসারণে সংশ্লিষ্ট দপ্তর ও কৃষকদের অনুপ্রেরণা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়। | সকল ইউপি চেয়ারম্যান |

অতপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৩/১০/২৪

মোঃ জাকির হোসেন
প্রশাসক
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং ঃ- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১- ৮৩২

তারিখঃ ২৯ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ
১৪ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ

০১। জেলা প্রশাসক, পঞ্চগড়।
০২। পুলিশ সুপার, পঞ্চগড়।

অনুলিপি অবগতি ও কার্যার্থে ঃ

০১। উপজেলা ........................................................কর্মকর্তা, পঞ্চগড় সদর।
০২। চেয়ারম্যান ...........................................ইউনিয়ন পরিষদ, পঞ্চগড় সদর।
০৩। জনাব...................................................................................
সদস্য, **উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি**, পঞ্চগড় সদর, পঞ্চগড়।

১৪/১০/২৪

মোঃ আসাদুন্নবী
উপজেলা কৃষি অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

## উপজেলা কৃষি সেচ বিষয়ক কমিটির সভার উপস্থিতি ঃ

তারিখ-

(পরিশিষ্ট-ক)

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা ঃ

| ক্রমিক | নাম ও পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | প্রশাসক, উপজেলা পরিষদ, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০২ | উপজেলা কৃষি অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৩ | চেয়ারম্যান, মাগুড়া ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৪ | চেয়ারম্যান, কামাত কাজলদিঘী ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৫ | চেয়ারম্যান, সাতমেরা ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৬ | মোঃ ফারুক হোসেন, চাকলাহাট ইউপি, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |
| ০৭ | বীর মুক্তিযোদ্ধা মোঃ নুরুল ইসলাম, কায়েতপাড়া, পঞ্চগড় সদর, পঞ্চগড়। | |

# উপজেলা পরিষদ

পঞ্চগড় সদর, পঞ্চগড়

স্মারক নং- ৪৬.০০.৭৭৭৩.০০৫.৩৩.০১০.২১- ৮৩৩

তারিখঃ ২৮ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ
১৩ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

## "সভার নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটির** পরবর্তী সাধারণ সভা নিম্নবর্ণিত আলোচসূচি অনুযায়ী আগামী ১৪/১০/২০২৪ তারিখ রোজ সোমবার দুপুর- ২.৩০ টায় **জনাব মোঃ জাকির হোসেন, প্রশাসক, উপজেলা পরিষদ**, পঞ্চগড় সদর, পঞ্চগড়-এর সভাপতিত্বে উপজেলা পরিষদ হলরুম-এ অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচিঃ

০১। গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।
০২। গত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।
০৩। গত সভায় আলোচিত কমিটি সংক্রান্ত কোন তথ্য বা সিদ্ধান্ত।
০৪। বিবিধ।

১৩/১০/২৪
মোঃ আসাদুন্নবী
উপজেলা কৃষি কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ বিষয়ক কমিটি
পঞ্চগড় সদর, পঞ্চগড়।

বিতরণ ঃ

..................................................................
..................................................................
(সদস্য সকল) পঞ্চগড় সদর, পঞ্চগড়।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর, পঞ্চগড়।
০২। অফিস নথি।